

সত্যের কোন বিকল্প নাই, দুর্নীতির সাথে আপোষ নহে।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

প্রধান কার্যালয়, রাজশাহী।

মানিভারিং, টেলিগ্রাফিক ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট

প্রকা/এমটিএফপি এন্ড বিসিডি সার্কুলার লেটার নং-০৩/২০২১

তারিখ : ০৬.০৫.২০২১

বিভাগীয় মহাব্যবস্থাপক, রাজশাহী/রংপুর
সকল জোনাল ব্যবস্থাপক
ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

বিষয়: Account Maintenance Fee প্রসংশে।

মহোদয়

উপর্যুক্ত বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা'র ১১ এপ্রিল ২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-২১ (সংযুক্ত) এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। গত ৩১ অক্টোবর ২০১৯ তারিখের বিআরপিডি সার্কুলার নং ০৭/২০১৯ এর মাধ্যমে ব্যাংকিং খাতে আমানত বৃদ্ধি ও ক্ষুদ্র আমানতকারীদেরকে ব্যাংকমুখী করার লক্ষ্যে গড় আমানতের স্থিতির উপর ভিত্তি করে সঞ্চয়ী হিসাবের বিপরীতে রক্ষণাবেক্ষণ ফি (Account Maintenance Fee) যৌক্তিকীকরণপূর্বক পুনঃনির্ধারণ করে দেয়া হয়। উক্ত পুনঃনির্ধারিত হার অনুযায়ী এ ব্যাংকে প্রতি ষান্মাসিকে একবার অর্থাৎ বছরে দুইবার একটি হিসাব হতে Account Maintenance Fee আদায় করা হয়।

০৩। বর্তমানে করোনাভাইরাস সংক্রমণজনিত কারণে সৃষ্ট অর্থনৈতিক পরিস্থিতির প্রেক্ষিতে ক্ষুদ্র আমানতকারীগণকে আর্থিক প্রণোদনা প্রদান ও আমানত বৃদ্ধিতে উৎসাহিত করার লক্ষ্যে ১০:০০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত গড় আমানত স্থিতি বিশিষ্ট সঞ্চয়ী হিসাবের বিপরীতে চলতি ২০২১ পঞ্জিকা বছরের জন্য বছরে দুইবারের পরিবর্তে একবার Account Maintenance Fee আদায় করতে হবে মর্মে সূত্রোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৪। এতদপ্রেক্ষিতে, চলতি ২০২১ পঞ্জিকা বছরের জন্য দুইবারের পরিবর্তে একটি হিসাব হতে একবার অর্থাৎ শুধুমাত্র বার্ষিক হিসাব সমাপনী জুন ২০২১-এ Account Maintenance Fee আদায় করার নির্দেশনা দেয়া হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

আপনার বিশ্বস্ত

(মোঃ মতববত আলী বিশ্বাস)

সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)

প্রকা/এমটিএফপি এন্ড বিসিডি-৯৬/২০২০-২০২১/৬১২৮(৪৬৯)

তারিখ : ৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্যদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ০৭। অধ্যক্ষ, রাকাব প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৮। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ০৯। অফিস নথি।

মেঃ জৌহদুর রহমান

উর্ধতন মুখ্য কর্মকর্তা